**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 05-01-2026**
**Time : 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM-Volleyball**:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, দেশের ক্রীড়া মডেল এখন খেলোয়াড়-কেন্দ্রিক, আর একারণেই ২০১৪-র পর খেলোয়াড়রা উল্লেখযোগ্য সাফল্য পাচ্ছেন৷ ক্রীড়া ক্ষেত্রে বর্তমান কেন্দ্রীয় সরকারের উদ্যোগের কথা তুলে ধরে তিনি বলেন, সরকার প্রতিভা শনাক্তকরণ, বৈজ্ঞানিক প্রশিক্ষণ, পুষ্টিকর খাবার সরবরাহ এবং স্বচ্ছ নির্বাচনে জোর দিয়েছে৷ নতুন প্রজন্মের ছেলেমেয়েরা খেলার মাঠে তেরঙ্গা পতাকার মর্যাদা বাড়াতে পারলে দেশ গর্ব অনুভব করে। ভিডিও কনফারেন্সে গতকাল বারাণসীতে ৭২তম জাতীয় ভলিবল টুর্নামেন্টের উদ্বোধন করে একথা বলেন প্রধানমন্ত্রী৷ শ্রী মোদী বলেন, ভলিবল এমন একটি খেলা যা আমাদের দলগত চেতনার সঙ্গে যুক্ত করে। এই খেলার প্রকৃতি দেশের উন্নয়নের মতোই, যার জন্য সহযোগিতা এবং অবদান রাখার মানসিকতা প্রয়োজন।উল্লেখ্য, আগামী ১১ই জানুয়ারি পর্যন্ত ৮-দিনের টুর্নামেন্টে ভারতের বিভিন্ন রাজ্য ও প্রতিষ্ঠানের ৫৮টি দলের ১,000-এরও বেশি খেলোয়াড় অংশগ্রহণ করছেন।

*************

**CM at Mandwi:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যকে নেশামুক্ত হিসেবে গড়ে তুলতে পুলিশের সঙ্গে বিভিন্ন সংস্থাও কাজ করছে। এই কাজে সফলতাও

আসছে। গতকাল মান্দাইতে বিজেপির এক সমাবেশে মুখ্যমন্ত্রী বলেন, উপজাতিদের উন্নয়নের জন্য বাজেটের বাইরেও টাকা বরাদ্দ করা হচ্ছে।

**************

## CM Smaran Sabha:

আগরতলা নজরুল কলাক্ষেত্রে গতকাল প্রদেশ বিজেপির উদ্যোগে প্রয়াত অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন-এর শ্রদ্ধাঞ্জলি ও স্মৃতিচারণ সভা অনুষ্ঠিত হয়। প্রয়াত অধ্যক্ষর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণের মধ্য দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। মুখ্যমন্ত্রী প্রয়াতের জীবনের নানা দিক তুলে ধরে রাজ্য রাজনীতি এবং দল ও সরকারের প্রতি তাঁর অবদানের কথা স্মরণ করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, বিজেপি প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, বিধানসভার মুখ্য সচেতক কল্যাণী সাহা রায় সহ অন্যান্যরা।

***************

**PM ’s flagship platform PRAGATI :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সক্রিয়তা এবং সময়োপযোগী সিদ্ধান্ত বাস্তবায়নের প্রধান প্ল্যাটফর্ম 'প্রগতি'র ৫০তম বৈঠক সফলভাবে সম্পন্ন করে গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছে। ২০১৫ থেকে, প্রগতি সরাসরি প্রধানমন্ত্রীর পর্যালোচনার মাধ্যমে গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্প এবং জনঅভিযোগের রিয়েল-টাইম পর্যবেক্ষণ ও সমাধানের সুযোগ দিয়ে শাসন ব্যবস্থায় পরিবর্তন এনেছে।এই প্ল্যাটফর্মটি সমবায় যুক্তরাষ্ট্রীয়তার একটি উজ্জ্বল দৃষ্টান্ত, কেন্দ্র, রাজ্য এবং কেন্দ্রীয় মন্ত্রকগুলোকে একটি একক ডিজিটাল ইন্টারফেসে একত্রিত করেছে।

**************

**Bikash Debbarma Ration Card:**

তেলিয়ামুড়ার বাইশঘরিয়া ন্যায্য মূল্যের দোকানে গতকাল ভোক্তাদের হাতে ডিজিটাল রেশন কার্ড তুলে দিলেন জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা। তিনি বলেন, আধুনিক প্রযুক্তি নির্ভর ব্যবস্থার মাধ্যমে রেশন বণ্টন প্রক্রিয়াকে আরও স্বচ্ছ, সহজ ও হয়রানিমুক্ত করার লক্ষ্যেই এই উদ্যোগ গ্রহন করেছে খাদ্য দপ্তর। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে, আগামী দিনে মহকুমার অন্যান্য এলাকাতেও ধাপে ধাপে ডিজিটাল রেশন কার্ড ব্যবস্থা কার্যকর করা হবে।

************

**All Tripura Blind committee:**

লুইস ব্রেইলের ২১৮ তম জন্মজয়ন্তী উপলক্ষে অল ত্রিপুরা ব্লাইন্ড অ্যাসোসিয়েশনের উদ্যোগে গতকাল  সুকান্ত একাডেমির প্রেক্ষাগৃহে এক অনুষ্ঠানের আযোজন করা হয়। উদ্বোধন করেন ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারম্যান তথা উচ্চ আদালতের অবসরপ্রাপ্ত বিচারপতি অরিন্দম লোধ। অনুষ্ঠানে চলতি শিক্ষাবর্ষে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ থেকে যে সকল দৃষ্টিহীন শিক্ষার্থী মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সাফল্য অর্জন করেছেন তাদের সম্বর্ধনা জানানো হয় এবং দৃষ্টিহীনদের মধ্যে চলন সামগ্রী প্রদান করা হয়। এদিকে, আগরতলা প্রেস ক্লাবে অল ত্রিপুরা ব্লাইন্ড কমিটির উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে দ্বিতীয় উত্তর পূর্বাঞ্চলীয় প্যারা অলিম্পিক গেইমস ২০২৫ এ পদক জয়ী খেলোয়ারদের বিশেষ সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন ত্রিপুরা ক্রীড়া পর্ষদের সচিব সুকান্ত ঘোষ।

****************

**Union Agriculture Minister:**

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান নয়াদিল্লিতে ইন্ডিয়ান কাউন্সিল অফ এগ্রিকালচারাল রিসার্চ (আইসিএআর) দ্বারা উন্নত বৈশিষ্ট্যসম্পন্ন ২৫টি ফসলের ১৮৪টি নতুন প্রজাতির আনুষ্ঠানিক প্রকাশ করেছেন। এর মধ্যে ৬০টি ধানের জাত, ৫০টি ভুট্টার জাত এবং ১৩টি তৈলবীজের প্রজাতি অন্তর্ভুক্ত রয়েছে।অনুষ্ঠানে শ্রী সিং বলেন, ভারত তার খাদ্য নিরাপত্তা নিশ্চিত করেছে এবং ২০২৫ সালে দেশের ধান উৎপাদন ১৫০ মিলিয়ন টন ছাড়িয়ে গেছে, যার ফলে ভারত চীনকে ছাড়িয়ে বিশ্বের শীর্ষস্থানীয় ধান রপ্তানিকারক দেশে পরিণত হয়েছে।শ্রী চৌহান জানান, কেন্দ্রীয় সরকার আসন্ন সংসদ অধিবেশনে বীজ বিল পেশ করার কথা বিবেচনা করছে।

**************

**Inter office cricket :**

পশ্চিম জেলা  ডিএম অফিস রিক্রিয়েশন ক্লাবের উদ্যোগে আয়োজিত আন্তঃঅফিস ক্রিকেট প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে কৃষি দপ্তর। গতকাল জিরানিয়ায় আয়োজিত ফাইনাল ম্যাচে কৃষি দপ্তর ৯ উইকেটে উচ্চ শিক্ষা দপ্তরকে পরাজিত করেছে। মোট ১৬ টি সরকারি দপ্তর এই প্রতিযোগিতায় অংশ নিয়েছিল। পুরষ্কার বিতরনি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম জেলার অতিরিক্ত জেলা শাসক অসিত কুমার দাস।

***********

**GIRLS FOOTBALL**:

দেশের প্রয়াত প্রধানমন্ত্রী চৌধুরী চরন সিং-এর জন্মজয়ন্তী উপলক্ষে মহিলা ফুটবল প্রতিযোগিতায় গোমতী জেলা চ্যাম্পিয়ন হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় গোমতী জেলা ২-0 গোলে ধলাই জেলা দলকে পরাজিত করে। আসরে উত্তর জেলা তৃতীয় স্থান পায়।

ফাইনাল খেলার শেষে চ্যাম্পিয়ন ও রানার্স দলকে ট্রফি ও প্রাইজমানি তুলে দেয়া হয়।

*************

**Weather :**

আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকাল পর্যন্ত মাঝারি থেকে ঘন কুয়াশা ছিল | আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩.৬ ডিগ্রি সেলসিয়াস। ।দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ২২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি।

*****************